

৫৭

তারিখ ... 2..1.JUL 1995... ..

পৃষ্ঠা ১ কলাম ৮

দৈনিক ইত্তেফাক

কলেজটির একাডেমিক স্বীকৃতি চাই

মাগুরা জেলার শ্রীপুর থানা-ধীন কাদিরপাড়া ইউনিয়ন ও পাশ্চাতী ইউনিয়নগুলির অধিবাসীরা এলাকার চাহিদার পরিপ্রেক্ষিতে বহু চেষ্টা করিয়া ১৯৯৪ সালে 'জি.কে. আইডিয়াল কলেজ' নামের একটি কলেজ প্রতিষ্ঠা করে। কলেজটিতে বর্তমানে দুই শতাধিক ছাত্র-ছাত্রী অধ্যয়নরত। দক্ষ নেতাবী শিক্ষকমণ্ডলী ও একটি যোগ্য পরিচালনা কমিটির দ্বারা কলেজটি পরিচালিত হইতেছে। এ বছর হইতে কলেজটিতে একাদশ শ্রেণী বিজ্ঞান বিভাগ খোলার পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে। ১৯ একর জমির উপর প্রতিষ্ঠিত কলেজটি একটি বেসরকারী উচ্চ মাধ্যমিক কলেজ প্রতিষ্ঠার প্রচলিত সকল শর্ত পূরণে সক্ষম হইয়াছে। কিন্তু দুঃখের বিষয় এখনও কলেজটি একাডেমিক স্বীকৃতি পায় নাই। বিধি মোতাবেক মাগুরার জেলা প্রশাসক ও যশোর শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক মহোদয় কলেজটি পরিদর্শন করিয়া তাঁহাদের রিপোর্টে কলেজটিকে একাডেমিক স্বীকৃতি প্রদানের সুপারিশ করেন। এতদসত্ত্বেও একাডেমিক স্বীকৃতি লাভে বিলম্বের কারণে কলেজে অধ্যয়নরত ছাত্র-ছাত্রী, শিক্ষক-কর্মচারী ও অভিভাবকবৃন্দ এবং এলাকাবাসী দারুণ উদ্বেগ, হতাশার ভিতর কালতিপাত করিতেছেন। এমতাবস্থায় সংশ্লিষ্ট উর্বেতন কর্তৃপক্ষের নিকট আবেদন; কলেজটিকে অবিলম্বে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হউক।

—ডাঃ শামস উদ্দিন আহমেদ
কাদিরপাড়া, মাগুরা।